


Advertisement



৫ লক্ষ সম্মান্য বাঙালি পরিবারের মধ্যে থেকে
খুঁজে নিন আপনার পছন্দের জীবনসঙ্গী।*

ফ্রি-তে রেজিস্টার করতে [ক্লিক করুন](#)

* শর্তাবলী প্রযোজ্য

ABPweddings
আপনার পছন্দ। সফল পরিণয়।

আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪

Web Listing
Disabled

The owner of this
web site has
disabled web
listing.

If you are the
owner of this web
site, you can
enable web listing
by setting X-
Container-Meta-
Web-Listings.

Index File Not
Found

The owner of this
web site has set
X-Container-
Meta-Web-
Index:
index.html.
However, this file
is not found.

প্রথম পাতা কলকাতা [পশ্চিমবঙ্গ](#) দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / West Bengal / Kolkata /



Ram Mandir Inauguration

পরীক্ষা রয়েছে, অযোধ্যা নিয়ে পক্ষে-বিপক্ষের কর্মসূচি থেকে বিরত থাকার আর্জি যাদবপুরের

বিজ্ঞপ্তিতে কর্তৃপক্ষ জানালেন, সোমবার বিভিন্ন বিভাগের সিমেন্টার-সহ গুরুত্বপূর্ণ পরীক্ষা রয়েছে। পরীক্ষার্থীদের কথা ভেবেই ওই দিন কোনও
অনুষ্ঠান বা কর্মসূচির অনুমতি দেওয়া হয়নি।



যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ২১ জানুয়ারি ২০২৪ ২৩:৫৫

Share:   Save: 

২২ জানুয়ারি, অযোধ্যায় মন্দির উদ্বোধনের দিন যাদবপুর বিশ্ববিদ্যালয় চত্বরে কোনও কর্মসূচির আয়োজন করা যাবে না। বিজ্ঞপ্তি জারি করে জানিয়ে দিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিজ্ঞপ্তিতে কর্তৃপক্ষ জানানেন, সোমবার বিভিন্ন বিভাগের সিমেন্টার-সহ গুরুত্বপূর্ণ পরীক্ষা রয়েছে। পরীক্ষার্থীদের কথা ভেবেই ওই দিন কোনও অনুষ্ঠান বা কর্মসূচির অনুমতি দেওয়া হয়নি। পাশাপাশি ‘সৌহার্দ্যপূর্ণ’ পরিবেশ বজায় রাখতেও অনুরোধ করা হয়েছে বিজ্ঞপ্তিতে।



২২ জানুয়ারি অযোধ্যার রামমন্দিরে রামলালার বিগ্রহের ‘প্রাণপ্রতিষ্ঠা’। সমাজমাধ্যমে বিভিন্ন পোস্ট থেকে জল্পনা ছড়ায়। তাতে বলা হয়, ৪ নম্বর গেটের উল্টোদিকে রামপুজোর আয়োজন করা হয়েছে একটি সংগঠনের পক্ষ থেকে। এ নিয়ে ছাত্র সংগঠনগুলির তরফেও পাল্টা কর্মসূচির পরিকল্পনা গ্রহণের কথা ভাবা হয়েছিল। এ হেন প্রেক্ষাপটে এই বিজ্ঞপ্তি জারি করে যাদবপুর বিশ্ববিদ্যালয়। তাতে সোমবার ক্যাম্পাসে সমস্ত ধরনের অনুষ্ঠান, বিক্ষোভ কর্মসূচি বন্ধ রাখতে বলা হয়েছে। পাশাপাশি বলা হয়েছে, “সকলের কাছে অনুরোধ জানাচ্ছি যে, বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য সকলেই সহযোগিতা করুন।”

আরও পড়ুন:

আনন্দবাজার পরিষ্কার অনলাইন

‘বিজেপি লাঠিসোঁটা নিয়ে এসেছিল!’ মোদী-স্লোগানে চুমু ছুড়েও অসমে রাখলের বক্তৃতায় ‘হামলার আতঙ্ক’

আনন্দবাজার পরিষ্কার অনলাইন

রাম ভোটের নন, কোনও দলেরও নন, মোদী আসার আগে আগে দাবি পরিষদ প্রধানের, বার্তা মমতাকেও

আরও পড়ুন

আনন্দবাজার পরিষ্কার অনলাইন

রাম-কর্মসূচিতে ‘বাম-বাধা’, তীব্র উত্তেজনা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে, বন্ধ করা হল গেট

আনন্দবাজার পরিষ্কার অনলাইন

সোমবার দুপুর আড়াইটা পর্যন্ত কর্মীদের ছুটি দিয়েছে কেন্দ্রীয় সরকার। বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যে অর্ধ বা পূর্ণ দিবস ছুটি ঘোষণা করা হয়েছে। কংগ্রেসশাসিত রাজ্যেও একই পদক্ষেপ করা হয়েছে। মহারাষ্ট্র, রাজস্থান, গোয়ার বিজেপিশাসিত সরকারও সে দিন সমস্ত সরকারি দফতরে অর্ধদিবস ছুটি দিয়েছে। দুপুর ২টো পর্যন্ত সরকারি দফতরে বন্ধ থাকবে কাজকর্ম। সিকিমেও অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়েছে। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী আদিত্যনাথ ওই দিন রাজ্যের সমস্ত স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে ছুটি ঘোষণা করেছেন। কংগ্রেসশাসিত হিমাচল প্রদেশেও সোমবার ছুটি ঘোষণা করা হয়েছে। জম্মু ও কাশ্মীর এবং ঝাড়খণ্ডে অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়েছে।

উত্তরপ্রদেশ এবং মধ্যপ্রদেশে রামলালার 'প্রাণপ্রতিষ্ঠা'র দিন মদের দোকানও বন্ধ থাকবে। উত্তরাখণ্ড, ছত্তীসগড়, অসম, হরিয়ানাতেও প্রাণপ্রতিষ্ঠার দিন মদের দোকান বন্ধ থাকছে। গোয়ায় সমস্ত স্কুল এবং সরকারি অফিস বন্ধ থাকবে। কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতেও ওই দিন ছুটি ঘোষণা করা হয়েছে। সেখানে সব সরকারি দফতর, শিক্ষা প্রতিষ্ঠান সে দিন ছুটি থাকবে। ২২ জানুয়ারি দ্বীপরাষ্ট্র মরিশাসেও হিন্দু সরকারি কর্মীদের দু'ঘণ্টা ছুটি দিয়েছে সে দেশের সরকার। দু'ঘণ্টা অফিসের বাইরে বেরিয়ে প্রার্থনায় যোগ দিতে পারেন তাঁরা। তবে যাদবপুর বিশ্ববিদ্যালয় জানিয়ে দিল, সোমবার পরীক্ষার কারণে ক্যাম্পাসে কোনও কর্মসূচি রাখা যাবে না।

(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [Ayodhya Ram Mandir](#) [Ram Mandir](#)
Inauguration

এক ধাক্কায় তিন ডিগ্রি কমল
তাপমাত্রা, রয়েছে বৃষ্টির
সম্ভাবনাও, ভিজতে পারে
কোন কোন জেলা?

আন্দাম্বাজার পরীক্ষা অনলাইন

বেসরকারি বহু স্কুলে ছুটি
আজ, সরকারি স্কুল খোলা

Advertisement

টাকা TALK

সেভিংস থেকে ইনভেস্টমেন্ট
লাভ হবে না
লোকসান? ₹

উত্তর একটাই বিশদে জানুন

Follow us on: [f](#) [X](#) [@](#) [📧](#) Save: [🔖](#)

Advertisement